

## প্রতিষ্ঠানের পটভূমি ও ইতিহাস

‘বর্তমান কাহালু সরকারি মডেল উচ্চ বিদ্যালয়’ বগুড়া জেলার কাহালু উপজেলা সদরের প্রাণকেন্দ্রে

অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত। ১৯০০ সালের শুরুতে বাবু পেরিলাল মজুমদারের ক্রয়কৃত জমিদারিতে দিঘির উত্তর-পূর্বকোণে বটবৃক্ষের তলায় উক্ত বিদ্যালয়টি তৃতীয় শ্রেণি অবধি পাঠদান শুরু হয়। ১৯১০ সালে বিদ্যালয়টি District Board এর আওতায় M.F.P স্কুল নামে ৫ম শ্রেণিতে উন্নীত হয়। জমিদার পুত্র কুমুদ রঞ্জণ ও কবিরাজ পরিবারের বিদ্যানুরাগী মরহুম তশরতুল্লাহ কবিরাজ ১৯২০ সালে বিদ্যালয়টিকে M.E স্কুলে রূপান্তর করেন। ১৯৪০ সালে কবিরাজ পরিবারের বিদ্যানুরাগী মরহুম তশরতুল্লাহ কবিরাজ ও জমিদার কালিপদ মজুমদারের নেতৃত্বে ৯ম ও ১০ম শ্রেণির পাঠদান চালু হয়।

০১/০১/১৯৪৪ সালে এই বিদ্যালয়টি ‘কাহালু উচ্চ বিদ্যালয়’ নামে স্বীকৃতি লাভ করে। বিদ্যালয়টি প্রতিষ্ঠালগ্নে যাদের অবদান ছিল, তাদের নাম আজ শুদ্ধার সাথে স্বরণ করছি। তৎকালীন প্রেসিডেন্ট (ইউপি চেয়ারম্যান) মরহুম তশরতুল্লাহ কবিরাজ, তৎকালীন প্রধান শিক্ষক বাবু কালিপদ মজুমদার ও মরহুম মুহাম্মদ আলী কবিরাজ প্রমুখ।

এরপর প্রতিষ্ঠানটি যারা দেখাশোনা করে, লালন-পালন করেছেন তাঁদের নাম শুদ্ধার সাথে স্বরণ করতে চাই। মরহুম হুমির উদ্দিন খান, মরহুম ডাঃ মালেক উদ্দিন, মরহুম ছটু সোনার, মরহুম দলিল উদ্দিন, মরহুম রমজান আলী, মরহুম ছিফাতুল্লা প্রাং, মরহুম রিয়াতুল্যা সরদার ও জনাব আব্দুস সামাদ খন্দকারসহ আরও যাদের নাম এই মুহূর্তে আমাদের স্বরণ নেই, তাঁদের অবদান ও শুদ্ধার সাথে স্বরণ করছি।

প্রতিষ্ঠার পর থেকে বিদ্যালয়টি সমাজের বিভিন্ন ব্যক্তিবর্গের সহযোগিতায় পরিচালিত হয়ে আসছে। এই স্বনামধন্য বিদ্যালয়টি শিক্ষার আলোক বর্তিকা হিসেবে এলাকার সকল শ্রেণি পেশার মানুষের সন্তানদের লেখা পড়ার মাধ্যমে জ্ঞানদানে বিশেষ ভূমিকা রাখছে। এই বিদ্যালয়টি জে.এস.সি; এস.এস.সি এবং এস.এস.সি (ভোকেশনাল) পরীক্ষার ফলাফল বরাবরই প্রশংসনীয়। বিদ্যালয়টিতে ৬ষ্ঠ শ্রেণি থেকে ১০ম শ্রেণি এবং এস.এস.সি (ভোকেশনাল) ৯ম ও ১০ম শ্রেণিসহ মোট ০৭ শ্রেণিতে প্রায় সহস্রাধিক শিক্ষার্থী অধ্যয়নরত। বিদ্যালয়টির আধুনিকায়ন ও অবকাঠামোগত উন্নয়ন উত্তর বৃদ্ধি পাচ্ছে। ২০১৮ সালের ২১ মে সরকারি প্রজ্ঞাপনের মাধ্যমে বিদ্যালয়টি জাতীয়করণ করা হয়। বিদ্যালয়টি আজ সম্পূর্ণ সরকারি শিক্ষা প্রতিষ্ঠান।